

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 03-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Holi Festival :**

শ্রী কৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আজ আবির্ভাব তিথি দোল পূর্ণিমা ও রঙ্গের উৎসব হোলি। এই উপলক্ষে গোটা রাজ্যে উৎসবের পরিবেশ তৈরি হয়েছে। রাজধানী আগরতলার বিভিন্ন দোকান নানা রঙ্গের আবিরের পসরা নিয়ে সেজে উঠেছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির ও ইসকন মন্দিরে দোল পূর্ণিমা উপলক্ষে বিশেষ পূজাপাঠ ও উৎসবের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় প্রশাসনিক পরিষেবার আধিকারিকদের দেশ গঠন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। গতকাল নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল একাডেমি অফ এডমিনিস্ট্রেশনে ১২৮তম ইন্ডাকশন প্রশিক্ষণ কর্মসূচিতে যোগদানকারী সিভিল সার্ভিস থেকে আগত আধিকারিকদের উদ্দেশ্যে রাষ্ট্রপতি একথা বলেন। তিনি বলেন, আধিকারিকরা নির্দিষ্ট অঞ্চলের প্রশাসক নন বরং তারা সারা দেশে শাসনের মানদণ্ডের রক্ষক।

\*\*\*\*\*

**MSME:**

অতিফুদ্র, ফুদ্র এবং মাঝারি শিল্প মন্ত্রকের পক্ষ থেকে আজ MSME as champions of growth শীর্ষক ২০২৬ সালের বাজেট পরবর্তী ওয়েবিনারে

যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ওয়েবিনারে ভাষণ দেবেন। আজ বেলা এগারোটায় ইউ টিউবে এই অনুষ্ঠান সরাসরি দেখা যাবে।

\*\*\*\*\*

## **EPF :**

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া গতকাল নতুন দিল্লিতে কর্মচারী ভবিষ্যনিধি তহবিলের বা ই.পি.এফ-এর কেন্দ্রীয় ট্রাস্টি বোর্ডের ২৩৯তম বৈঠকে সভাপতিত্ব করেন। সামাজিক মাধ্যমে ডঃ মান্ডভিয়া জানান, সিবিটি ২০২৫-২৬ অর্থবছরের জন্য সদস্যদের অ্যাকাউন্টে ইপিএফ জমার উপর ৮.২৫% বার্ষিক সুদের হার জমা করার সুপারিশ করেছে। তবে, সরকার কর্তৃক সুদের হার আনুষ্ঠানিকভাবে অবহিত করার পর ইপিএফও গ্রাহকদের অ্যাকাউন্টে সুদের অর্থ জমা করা হবে।

\*\*\*\*\*

## **Amar sarkar-Meeting:**

পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল ‘আমার সরকার’ কর্মসূচি বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল সভায় পৌরহিত্য করেন। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরার জেলাশাসক এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় শ্রী শীল বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে সরকারী কর্মচারীদের আন্তরিক ভূমিকা নিতে হবে। জেলাশাসক ডাঃ বিশাল কুমার চলতি অর্থবছরে বিভিন্ন প্রকল্পের অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*

### **Distribution of Piglets :**

কেন্দ্রীয় সরকারের জাতীয় ভোজ্য তেল মিশনের পৃষ্ঠপোষকতায় গতকাল কৈলাশহরে পাম-তেলচাষীদের মধ্যে শূকরছানা বিতরণ করা হয়। কৃষি দপ্তরের উদ্যোগে কৈলাশহরের দেওড়াছড়া ADC ভিলেজের চিনিবাগানে আয়োজিত অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ বলেন, কেন্দ্রীয় সরকার বিদেশ থেকে ভোজ্য তেল আমদানি কমাতে পাম তেল চাষের উপর গুরুত্বারোপ করছেন। এই অনুষ্ঠানে ধান ও সজ্জি চাষে সাফল্যের জন্য দশজন কৃষককে আর্থিক সহায়তা করা হয়।

\*\*\*\*\*

### **Paddy Procurement :**

কৃষি দপ্তরের উদ্যোগে বক্সনগর কমিউনিটি হল প্রাঙ্গণে গতকাল থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। আজও তা চলবে। আজ প্রথমদিনে এলাকার ৩০ জন কৃষকের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে মোট ৫১ মেট্রিকটন ধান কেনা হয়েছে।

\*\*\*\*\*

### **Mahatma: A Great Communicator:**

মহাত্মা গান্ধীর বার্তা এবং আদর্শ আজও প্রাসঙ্গিক। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান এবং যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া, গতকাল নতুন দিল্লির রাজঘাটের গান্ধী দর্শনে আয়োজিত এক অনুষ্ঠানে “Mahatma: A Great Communicator” শীর্ষক একটি বই প্রকাশ করে একথা বলেন। বইটি লিখেছেন আকাশবাণীর অতিরিক্ত মহাপরিচালক ডঃ ধীরাজ কাকাদিয়া। বইটি মহাত্মা গান্ধীর জীবন এবং স্বাধীনতা আন্দোলনের সময় তাঁর যোগাযোগ দক্ষতার প্রভাবের উপর ভিত্তি করে লেখা হয়েছে। বইটি ইংরেজি, হিন্দি, এবং গুজরাটি - তিনটি ভাষায় প্রকাশিত হয়েছে।

অনুষ্ঠানে শ্রী মান্ডভিয়া আরও বলেন যে, এই বইটি মানুষের মধ্যে মহাত্মা গান্ধীর জীবন থেকে অনুপ্রেরণা নেওয়ার এবং তাঁর আদর্শকে তাদের জীবনে ধারণ করার জন্য সচেতনতা তৈরি করবে।

\*\*\*\*\*

### **State Level Workshop-Farming System:**

সুস্থায়ী আয়, পুষ্টি সুরক্ষা এবং জলবায়ুর স্থিতিস্থাপকতার নিরীখে সমন্বিত কৃষি পদ্ধতি অবলম্বন করে চাষাবাদে কৃষকদের উৎসাহিত করতে গতকাল একদিনের রাজ্য পর্যায়ের কর্মশালার আয়োজন করে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের উত্তর-পূর্ব পার্বত্য অঞ্চলের গবেষণা কমপ্লেক্সের ত্রিপুরা কেন্দ্র। আগরতলার প্রজ্ঞাভবনে কর্মশালার সূচনা করেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার। কর্মশালায় অংশগ্রহণকারী রাজ্যের বিভিন্ন জেলার কৃষকদের কৃষি উপকরণ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **National Cricket :**

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে আজ মাঠে নামছে ত্রিপুরা। এলিট গ্রুপের এই আসরে পুডুচেরির সিএপি মাঠে রাজ্যদলের প্রতিপক্ষ তামিলনাড়ু।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*